EMBASSY OF THE UNITED STATES OF AMERICA
PUBLIC AFFAIRS SECTION
TEL: 880-2-5566-2000
FAX: 880-2-9881677, 9885688
E-MAIL: DhakaPA@state.gov
WEBSITE: http://bd.usembassy.gov

ড্যাফোডিল ইন্টারন্যাশনাল বিশ্ববিদ্যালয়ের প্রতিষ্ঠা বার্ষিকী উপলক্ষে রাষ্ট্রদূত বার্নিকাট এর বক্তব্য

২৮শে জানুয়ারি, ২০১৭

মোহাম্মদ সবুর খান, চেয়ারম্যান

ড. ইউসুফ ইসলাম, উপাচার্য

আব্দুল মাতলুব আহমদ, সভাপতি, এফবিসিসিআই

ড. শেখ মোহাম্মদ মাহবুবুল হক মজুমদার, সহ-উপাচার্য

ড্যাফোডিল ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি ১৫তম প্রতিষ্ঠা বার্ষিকী উপলক্ষে আপনাদের সাথে এখানে উপস্থিত হতে পেরে আমি আনন্দিত। বাংলাদেশ ও যুক্তরাষ্ট্রের শক্তিশালী সম্পর্কের একটি অন্যতম দিক হল শিক্ষার জন্য আমাদের গভীর শ্রদ্ধা, শিক্ষাদানের প্রতি অঙ্গীকার এবং শেখার জন্য উৎসাহ। একটি উন্নত শিক্ষা পারে একজন ব্যক্তির জীবনকে পরিবর্তন এবং উন্নত করতে। একটি উন্নত বিশ্ববিদ্যালয় পারে একটি কমিউনিটিকে পরিবর্তন এবং উন্নত করতে। ডিআইইউ এরকম একটি উন্নত বিশ্ববিদ্যালয় যার লক্ষ্য অর্থপূর্ণ কর্মজীবন গড়ে তোলা, সমৃদ্ধ জীবন উপভোগ করা এবং বাংলাদেশের জন্য অবদান রাখার জন্য সুশিক্ষিত এবং অত্যন্ত উৎপাদনশীল নাগরিক তৈরি করা।

আমি গর্বিত যে, ডিআইইউ এবং যুক্তরাষ্ট্র দূতাবাস একটি বিশেষ অংশীদারিত্ব উপভোগ করে থাকে। অন্তরা বসাক এবং তাহসিনা ইয়াসমিন আমাদের ই-শিক্ষক স্কলারশিপ কর্মসুচির অংশ ছিল।

EMBASSY OF THE UNITED STATES OF AMERICA
PUBLIC AFFAIRS SECTION
TEL: 880-2-5566-2000
FAX: 880-2-9881677, 9885688
E-MAIL: DhakaPA@state.gov
WEBSITE: http://bd.usembassy.gov

সাইদ মিনহাজ হোসাইন আমাদের "কমিউনিটি কলেজ ইনিশিয়েটিভ" কর্মসূচির একজন প্রাক্তন ছাত্র। আমাদের প্রসারিত সহযোগিতার কয়েকটি উদাহরণ মাত্র।

২০১৫ সালে, ডিআইইউ আমাদের ইংরেজি ভাষা বিশেষজ্ঞ, ক্লারা ব্রাডেন সিসকিনকেও তাদের সহযাত্রী হিসেবে নিয়েছিল। একজন ইংরেজি ভাষা বিশেষজ্ঞ হিসেবে, সিসকিন সেখানে শিক্ষকদের সাথে আধুনিক শিক্ষাদান কৌশল নিয়ে কাজ করেছেন। সে চারজন শিক্ষক সদস্যদের নিয়ে যৌথভাবে ইংরেজি শিক্ষার অ্যাপ -- "লিভ কোড"-- তৈরি করেন যা গেমস এবং পাজলসের মাধ্যমে ব্যবহারকারীদের ইংরেজি শিক্ষা দিতে পারে। গত এপ্রিলে, ব্রাডেন সিসকিন এবং ডিআইইউ এর সহকারি প্রফেসর, শামসি আরা হুদা, বালটিমোরে একটি আন্তর্জাতিক সম্মেলনে "লিভ কোড"টি তুলে ধরেন।

অবশ্যই, আমি আশা করি আপনারা জানেন আমাদের এডুকেশন ইউএসএ অফিস আপনাদেরকে সর্বাত্মক সহযোগিতার জন্য আন্তরিক যদি আপনারা যুক্তরাষ্ট্রে আপনাদের শিক্ষাজীবনকে এগিয়ে নিয়ে যেতে ইচ্ছুক হন। গত বছর ছ'হাজার পাঁচশ জনেরও বেশি ছাত্র-ছাত্রী বাংলাদেশ থেকে যুক্তরাষ্ট্রে শিক্ষাগ্রহণ করতে গিয়েছিল। বিশ্বে বাংলাদেশ এখন ১১তম স্থান দখল করে আছে গ্রাজুয়েট-লেভেলে ছাত্র-ছাত্রীদের সংখ্যার বিচারে যারা যুক্তরাষ্ট্রে বিশ্ববিদ্যালয়গুলোতে পড়াশোনা করছে। এডুকেশন ইউএসএ এ ব্যাপারে আপনাদের প্রতিটি পদক্ষেপে সহযোগিতা করে যাবে। আমাদের মত এ ধরনের অংশীদারিত্ব, শিক্ষাদানকে আরও শক্তিশালী করছে এবং জানার জগতকে আরও আনন্দদায়ক, আরও অর্থপূর্ণ এবং আরও ফলপ্রসূ করছে।

বাংলাদেশের অন্যতম বিশ্ববিদ্যালয় ড্যাফোডিল ইন্টাঃ ইউনিভার্সিটি এর শিক্ষার্থী হিসেবে আপনারা নিজেদের ভবিষ্যতের জন্য বিনিয়োগ করেছেন। আপনাদের পড়াশোনা শেষ করে ডিগ্রি অর্জনের পর, আপনারা অবশ্যই জীবিকার জন্য ভাল অবস্থানে থাকবেন। তবে এখানে ড্যাফোডিল

EMBASSY OF THE UNITED STATES OF AMERICA
PUBLIC AFFAIRS SECTION
TEL: 880-2-5566-2000
FAX: 880-2-9881677, 9885688
E-MAIL: DhakaPA@state.gov
WEBSITE: http://bd.usembassy.gov

ইন্টাঃ ইউনিভার্সিটি -এ থাকা অবস্থায়, আমি আপনাদের তিনটি ব্যাপার মাথায় রাখতে অনুরোধ করবঃ কৃতজ্ঞ থাকা, দৃঢ়চেতা হওয়া, এবং সদয় হওয়া।

কৃতজ্ঞ থাকুন। বিশ্বে শতকরা ৭ ভাগের কম মানুষ বিশ্ববিদ্যালয়ে পড়ার সুযোগ পায়। আপনারা সৌভাগ্যবানদের দলে যারা এমন চমৎকার উপহার পেয়েছেনঃ বাংলাদেশ এবং বিশ্বের চৌকষ মানুষের সাথে মেলামেশার ও তাদের কাছ থেকে শেখার।

আপনারা সৌভাগ্যবান কারণ ড্যাফোডিল ইন্টাঃ ইউনিভার্সিটি গুণগত শিক্ষার মান নিশ্চিত করতে তাদের সম্পদের ব্যবহারে সচেষ্ট। ড্যাফোডিল ইন্টাঃ ইউনিভার্সিটি-এর ডিজিটাল ক্যাম্পাস, বহুমূখী গবেষণা ল্যাব, যোগ্য শিক্ষক, এবং বিশ্বব্যাপী বিশ্ববিদ্যালয়গুলোর সাথে যোগাযোগ আপনাদেরকে বিশ্বের সাথে সংশ্লিষ্টতার সুযোগ করে দেয়, আপনার পছন্দের চাকরির জন্য যোগ্যতা অর্জনে, এবং আপনাদের বিশ্বাসের ব্যাপারে আস্থাশীল থাকতে সহায়তা করে।

আজকে, প্রতিষ্ঠা দিবসে, আপনারা শিক্ষা ও সুযোগের জন্য দিবসটি উদযাপন করুন ও কৃতজ্ঞ থাকুন। আমি মনে করি ড্যাফোডিল ইন্টাঃ ইউনিভার্সিটিও কৃতজ্ঞ থাকবে এত চৌকস শিক্ষার্থীদের জন্য কারণ যুক্তরাষ্ট্রের মত বাংলাদেশের শিক্ষার্থীরাও সফলতা ও প্রবৃদ্ধির স্তম্ভ। বাংলাদেশের প্ররিবর্তন সাধনে ছাত্র নেতৃত্বের অবদানের লম্বা ইতিহাসকে এগিয়ে নিতে আমি আপনাদের প্রত্যেককে দৃঢ়চেতা হতে অনুপ্রাণিত করতে চাই।

সাম্প্রতিক আমরা মার্টিন লুথার কিং জুনিয়র দিবস পালন করলাম যুক্তরাষ্ট্রে ও দূতাবাসে। এই গুরুত্বপূর্ণ দিন আমাদের মনে করিয়ে দেয় যে সমান অধিকার অর্জনে আমাদের অবশ্যই পরিশ্রমী হতে হবে। ১৯৬০ সালের ১লা ফেব্রুয়ারি, চারজন আফ্রিকান আমেরিকান কলেজ শিক্ষার্থী নর্থ ক্যারোলিনায় দুপুরের খাবার জন্য বসেছিল। তাদেরকে সেবা না দেওয়ায় তারা শান্তিপূর্ণ প্রতিবাদ সমাবেশ করে, তারা সেখানে বসে পড়ে যা যুক্তরাষ্ট্র ও বিশ্বের জনগণকে সমান অধিকারের

EMBASSY OF THE UNITED STATES OF AMERICA
PUBLIC AFFAIRS SECTION
TEL: 880-2-5566-2000
FAX: 880-2-9881677, 9885688
E-MAIL: DhakaPA@state.gov
WEBSITE: http://bd.usembassy.gov

জন্য রুখে দাড়াতে অনুপ্রাণিত করেছিল। এই চার শিক্ষার্থী আমাদের কাছে সমান অধিকার ও শান্তিপূর্ণ প্রতিবাদ এর ভাষা বদলে দিয়েছিল।

বাংলাদেশের অন্যতম বিশ্ববিদ্যালয় ড্যাফোডিল ইন্টাঃ ইউনিভার্সিটি এর শিক্ষার্থী হিসেবে আপনারা নিজেদের ভবিষ্যতের জন্য বিনিয়োগ করেছেন। আপনাদের পড়াশোনা শেষ করে ডিগ্রি অর্জনের পর, আপনারা অবশ্যই জীবিকার জন্য ভাল অবস্থানে থাকবেন। তবে এখানে ড্যাফোডিল ইন্টাঃ ইউনিভার্সিটি -এ থাকা অবস্থায়, আমি আপনাদের তিনটি ব্যাপার মাথায় রাখতে অনুরোধ করবঃ কৃতজ্ঞ থাকা, দৃড়চেতা হওয়া, এবং সদয় হওয়া।

কৃতজ্ঞ থাকুন। বিশ্বে শতকরা ৭ ভাগের কম মানুষ বিশ্ববিদ্যালয়ে পড়ার সুযোগ পায়। আপনারা সৌভাগ্যবানদের দলে যারা এমন চমৎকার উপহার পেয়েছেনঃ বাংলাদেশ এবং বিশ্বের চৌকষ মানুষের সাথে মেশার ও তাদের কাছ থেকে শেখার।

আপনারা সৌভাগ্যবান কারণ ড্যাফোডিল ইন্টাঃ ইউনিভার্সিটি গুণগত শিক্ষার মান নিশ্চিত করতে তাদের সম্পদের ব্যবহারে সচেষ্ট। ড্যাফোডিল ইন্টাঃ ইউনিভার্সিটি-এর ডিজিটাল ক্যাম্পাস, বহুমূখী গবেষণা ল্যাব, যোগ্য শিক্ষক, এবং বিশ্বব্যাপী বিশ্ববিদ্যা লয়গুলোর সাথে যোগাযোগ আপনাদেরকে বিশ্বের সাথে সংশ্লিষ্টতার সুযোগ করে দেয়, আপনার পছন্দের চাকরির জন্য যোগ্যতা অর্জনে, এবং আপনাদের বিশ্বাসের ব্যাপারে আস্থাশীল থাকতে সহায়তা করে।

আজকে, প্রতিষ্ঠা দিবসে, আপনারা শিক্ষা ও সুযোগের জন্য দিবসটি উদযাপন করুন ও কৃতজ্ঞ থাকুন। আমি মনে করি ড্যাফোডিল ইন্টাঃ ইউনিভার্সিটিও কৃতজ্ঞ থাকবে এত চৌকস শিক্ষার্থীদের জন্য কারণ যুক্তরাষ্ট্রের মত বাংলাদেশের শিক্ষার্থীরাও সফলতা ও প্রবৃদ্ধির স্তম্ভ। বাংলাদেশের প্ররিবর্তন সাধনে ছাত্র নেতৃত্বের অবদানের লম্বা ইতিহাসকে এগিয়ে নিতে আমি আপনাদের প্রত্যেককে দৃঢ়চেতা হতে অনুপ্রাণিত করতে চাই।

EMBASSY OF THE UNITED STATES OF AMERICA
PUBLIC AFFAIRS SECTION
TEL: 880-2-5566-2000
FAX: 880-2-9881677, 9885688
E-MAIL: DhakaPA@state.gov
WEBSITE: http://bd.usembassy.gov

সাম্প্রতিক আমরা মার্টিন লুথার কিং জুনিয়র দিবস পালন করলাম যুক্তরাষ্ট্রে ও দূতাবাসে। এই গুরুত্বপূর্ণ দিন আমাদের মনে করিয়ে দেয় যে সমান অধিকার অর্জনে আমাদের অবশ্যই পরিশ্রমী হতে হবে। ১৯৬০ সালের ১লা ফেব্রুয়ারি, চারজন আফ্রিকান আমেরিকান কলেজ শিক্ষার্থী নর্থ ক্যারোলিনায় দুপুরের খাবার জন্য বসেছিল। তাদেরকে সেবা না দেওয়ায় তারা শান্তিপূর্ণ প্রতিবাদ সমাবেশ করে, তারা সেখানে বসে পড়ে যা যুক্তরাষ্ট্র ও বিশ্বের জনগণকে সমান অধিকারের জন্য রুখে দাড়াতে অনুপ্রাণিত করেছিল। এই চার শিক্ষার্থী আমাদের কাছে সমান অধিকার ও শান্তিপূর্ণ প্রতিবাদ এর ভাষা বদলে দিয়েছিল।

এই ঘটনার কিছুদিন আগে বাংলাদেশীরা শিক্ষার্থীরা বাংলা ভাষার জন্য আন্দোলন করেছিল, যে আন্দোলন বাংলাদেশিদের জন্য ইতহাস পালটে দেয় এবং সারা পৃথিবীর জন্য আন্তর্জাতিক মাতৃভাষা দিবস প্রতিষ্ঠা করে।

ডক্টর কিং যেমন বলেছিলেন, "শিক্ষার কাজ হচ্ছে মানুষকে তীব্র ও নিবিড়ভাবে ভাবতে শেখানো। শিক্ষার্থী হিসেবে আপনাদের কাজ শুধু মুখস্ত করা নয় বরং কঠিন সমস্যার সমাধান করা, কঠিন প্রশ্ন করা এবং নিবিড়ভাবে চিন্তা করা। আপনারা নতুন প্রযুক্তির উন্নয়ন, সামাজিকভাবে দায়বদ্ধ প্রতিষ্ঠান প্রতিষ্ঠা করবেন এবং আমাদের চারপাশের পৃথিবীকে ব্যাখ্যা করতে যে গবেষণা প্রয়োজন তা করবেন। আপনাদের কাছে উপকরন, সুযোগ আছে এবং গোষ্ঠির, দেশের এবং পৃথিবীর উন্নয়ন করা আপনাদের দায়িত্ব ।

পরিশেষে আমি বলতে চাই, আপনারা সদয় হবেন। আমি নিশ্চিত আপনারা অনেকেই সফল কর্মজীবনের স্বপ্ন দেখছেন। আপনারা ডিআইইউ এর উপকরন ও শিক্ষকদের সাহচর্য পেয়েছেন। এখন শুধু আপনাদের খুঁজে বের করতে হবে পৃথিবীর কোন চাহিদার সাথে আপনাদের আগ্রহ মিলে যায়। বাংলাদেশ এবং পৃথিবীর অন্যান্য দেশে আপনাদের মত তরুণ শিক্ষার্থীরা

EMBASSY OF THE UNITED STATES OF AMERICA
PUBLIC AFFAIRS SECTION
TEL: 880-2-5566-2000
FAX: 880-2-9881677, 9885688
E-MAIL: DhakaPA@state.gov
WEBSITE: http://bd.usembassy.gov

পড়াশোনার জন্য সুযোগ খোঁজে। যখনই সম্ভব হবে তাদেরকে সুযোগ করে দিবেন শেখার, পরামর্শ দিবেন এবং সমর্থন দিবেন।

আপনারা যখন কর্মজীবন শুরু করবেন তখন নিজেদের প্রশ্ন করবেন যে কিভাবে আপনাদের পরবর্তী উদ্ভাবন পৃথিবী থেকে ক্ষুধা দূর করবে। আপনাদের পরবর্তী অ্যাপ কিভাবে প্রাথমিক সাহায্যদানকারীদের কাজে আসবে? কিভাবে আপনাদের প্রতিষ্ঠান আরো বেশি মানুষকে কাজ দিবে? আপনাদের অনুসন্ধান কিভাবে আমাদের চারপাশের পৃথিবীতে আলো ছড়াবে?

অবশ্যই, বাংলাদেশকে বাকি পৃথিবীর সাথে ভাগাভাগি করে নিবেন। বাংলাদেশিরা আমার দেখা সবচেয়ে উজ্জীবিত, অতিথিপরায়ণ, কর্মপরায়ণ এবং কৌতূহলী মানুষ। আপনারা নিশ্চয়ই দেখছেন আমাদের নিবিড় সম্পর্কের মাধ্যমে যুক্তরাষ্ট্র দূতাবাস নিশ্চিত করতে চায় যে সেরা আমেরিকান ব্যক্তিরা যাতে সেরা বাংলাদেশি ব্যক্তিদের কে শেখানোর এবং তাদের থেকে শিখে নেয়ার সুযোগ পায়। আমি আপনাদের সবাইকে উৎসাহিত করবো কালচারাল ও এডুকেশনাল এক্সচেঞ্জ প্রোগ্রামে আবেদন রাখার বিষয়টি বিবেচনা করে দেখতে কারণ আমাদের একজনের আরেকজনের কাছ থেকে অনেক কিছু শেখার আছে।

আপনাদের সবাইকে ধন্যবাদ ড্যাফোডিল বিশ্ববিদ্যালয়ের প্রতিষ্ঠাবার্ষিকীতে আমাকে আমন্ত্রণ করার জন্য। মনে রাখবেন: কৃতজ্ঞ থাকবেন, দৃঢ়চেতা থাকবেন এবং সদয় থাকবেন। আপনাদের অর্জন দেখার জন্য বর্তমান ও আগামীতে আমি অপেক্ষা করবো।

ধন্যবাদ।

==========